

অস্থায়ী ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নহীন বিপিএলএস প্রকল্পের আওতায় আসন্ন HIES 2026 জরিপের ইনুমারেটর-কাম-ডাটা-এন্ট্রি অপারেটর নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	পদের ধরন	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	
১	২	৩	৪
ইনুমারেটর- কাম- ডাটা- এন্ট্রি অপারেটর	সম্পূর্ণ অস্থায়ী (১৪ মাস)	শিক্ষাগত যোগ্যতা	(১) স্বীকৃত প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক পাশ (পরিসংখ্যান/গণিত/অর্থনীতি/আইসিটি) বিষয়ে স্নাতক পাশধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
		বয়স	৩৩-৪২ বছর (০১/০১/২০২৬ খ্রি. তারিখে)
		অভিজ্ঞতা	(১) Household Income and Expenditure Survey (HIES) Multiple Indicator Cluster Survey (MICS) Force Survey (LFS) এর তথ্য সংগ্রহ কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। (২) কম্পিউটার/ট্যাবলেট/মোবাইলে ডাটা এন্ট্রি অ্যাপস/সফটওয়্যার পরিচালনায় পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে।
		জাতীয়তা	বাংলাদেশী
		প্রমাণক	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও জাতীয়তা সংক্রান্ত সকল মূল সনদের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
		নির্বাচনী পরীক্ষা	২৯ জানুয়ারি ২০২৬ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় মোট ১০০ নম্বরের (লিখিত-৪০, ব্যবহারিক- ৩০, ভাইভা-৩০) পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার কেন্দ্র সংক্রান্ত তথ্য মুঠোফোনের মাধ্যমে প্রার্থীকে অবহিত করা হবে। শিক্ষাগত যোগ্যতা, বয়স ও জাতীয়তা সংক্রান্ত সকল মূল সনদের কপিসহ পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে।
		অঙ্গীকারনামা	বাংলাদেশের যে কোন জেলা/উপজেলা/ইউনিয়নে সম্পূর্ণ ১৪ (চৌদ্দ) মাসব্যাপী নিরবচ্ছিন্নভাবে তথ্য সংগ্রহে অঙ্গীকারনামা আবেদন পত্রের সাথে প্রদান করতে হবে।
বেতন-ভাতাদি	প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রকল্প দপ্তর হতে বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।		

০২। আবেদনপত্রের নিয়ম ও প্রয়োজনীয় কাগজপত্রঃ

- (ক) উপর্যুক্ত ছকের চার (৪) নম্বর কলামে বর্ণিত আবশ্যিকীয় কাগজপত্রসহ সংযুক্ত নমুনা আবেদন ফরম পূরণ/প্রস্তুতপূর্বক উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, রাঙ্গামাটি অথবা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বিলাইছড়ি বরাবর **আগামী ২৭ জানুয়ারি, ২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অবশ্যই সশরীরে দাখিল করতে হবে।** নির্ধারিত সময় অতিক্রান্ত হবার পর দাখিলকৃত কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- (খ) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (গ) প্রার্থীকে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- (ঘ) নাগরিকত্ব ও বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র(এনআইডি) ও জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (ঙ) আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঞ্জিন ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (চ) সকল কাগজপত্র ২ সেট জমা দিতে হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কোনো পূর্ব নোটিশ বা কারণ দর্শানো ব্যতিরেকে প্রার্থীতা বাতিল করা হবে।

০৪। আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বিলাইছড়ি অথবা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বিলাইছড়ির ওয়েব পোর্টাল (<http://bbs.belaichari.rangamati.gov.bd>) থেকে সংগ্রহ করা যাবে।

১৫/০১/২০২৬

মোঃ নূর উজ জমান
উপপরিচালক
ও

পরিসংখ্যান কর্মকর্তা (অ: দা:)
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

